



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
লাইসেন্সিং শাখা



নম্বর ১৪.৩২.০০০০.৭০২.৯৯.০০২.১৯.২০৫

তারিখ ৭ ফাল্গুন ১৪২৬

২০ ফেব্রুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: আইএসপি লাইসেন্স বাতিল সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) হতে ইস্যুকৃত আইএসপি লাইসেন্স এর শর্তানুযায়ী লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ ০৫ (পাঁচ) বছর উত্তীর্ণ হওয়ার ১৮০ (একশত আশি) দিন পূর্বেই পরবর্তী মেয়াদের জন্য নবায়নের আবেদন করার বিধান রয়েছে। নিম্নবর্ণিত ISP লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহ তাদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের কার্যকারিতার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পরেও লাইসেন্স নবায়নের জন্য কোন আবেদন না করায় উক্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ইস্যুকৃত ISP লাইসেন্স অবৈধ ও অকার্যকর। সুতরাং, উক্ত মেয়াদ উত্তীর্ণ লাইসেন্সসমূহের অধীনে সকল কার্যক্রম সম্পাদন করা হবে অবৈধ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর অধীনে শাস্তিযোগ্য অপরাধ। বর্ণিত অবস্থায়, মেয়াদ উত্তীর্ণ আইএসপি লাইসেন্সের আর কোন বৈধতা না থাকায় নিম্নবর্ণিত লাইসেন্সসমূহ কমিশনের অনুমোদনক্রমে এতদ্বারা বাতিল করা হল। লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের নাম, লাইসেন্স নম্বর, মেয়াদ উত্তীর্ণের তারিখ এবং লাইসেন্সের ধরণ নিম্নে দেয়া হলঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	লাইসেন্স নম্বর ও ইস্যুর তারিখ	মেয়াদ উত্তীর্ণের তারিখ	লাইসেন্সের ধরণ
১.	M/s. DolphinPlus Cyber Café.	Muslim Para, Nabogram Road, Barisal Sadar, Barisal-8200 Dated: 04/01/2011	03/01/2016	ISP (Category-B)
২.	M/s. Frienz-i-Park	168/169 Twin Plaza, College Road, Chawkbazar, Chittagong Dated: 02/03/2011	01/03/2016	ISP (Category-B)
৩.	M/s. Net Link	303, Nawab Siraj Uddowla Road, Chandan Pura, Chittagong. Dated: 02/03/2011	01/03/2016	ISP (Category-B)
৪.	M/s. Jahan Cyber Café & Telecom.	College Avenue (Bar Pukur), Barishal Dated: 23/05/2012	22/05/2017	ISP (Category-B)

উপরিলিখিত প্রতিষ্ঠানসমূহের আইএসপি সংশ্লিষ্ট সকল প্রকার কার্যক্রম অনতিবিলম্বে বন্ধের জন্য নির্দেশ প্রদান করা হলো এবং একইসাথে প্রতিষ্ঠানসমূহের নিকট কমিশনের নিকট সকল পাওনা বকেয়া অত্র বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আগামী ১ (এক) মাসের মধ্যে পরিশোধের জন্য নির্দেশ প্রদান হ'ল। অন্যথায়, বর্ণিত প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এবং Public Demand Recovery Act, 1913 এর বিধান মোতাবেক মামলা দায়ের সহ অন্যান্য প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



৩১-৩-২০২০

আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ

পরিচালক

ফোন: ৯৫৫৪৪৮৯

ইমেইল: rwadud@btrc.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন